পদত্যাগ করেছেন নেপালের প্রধানমন্ত্রী

তীব্র আন্দোলনের মুখে নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি পদত্যাগ করেছেন। তার সচিবালয় এক বিবৃতি দিয়ে এই তথ্য জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, ‘সাংবিধানিক সমাধানের পথ প্রশস্ত করার জন্য’ ওলি পদত্যাগ করেছেন।

প্রধানমন্ত্রী ওলি স্বাক্ষরিত একটি বিবৃতিতে বলা হয়েছে যে বর্তমান সংকটের সাংবিধানিক সমাধানের পথ প্রশস্ত করার জন্য তিনি পদত্যাগ করেছেন।

রাজধানী কাঠমান্ডু এবং নেপাল জুড়ে সকাল থেকেই ক্ষুব্ধ বিক্ষোভ চলছে।

বেশ কয়েকজন উচ্চপদস্থ রাজনীতিকের বাসভবনে হামলা ও ভাঙচুর করা হয়েছে, যার মধ্যে ওলি এবং প্রাক্তন প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবার বাসভবনও রয়েছে। রাজনৈতিক দলের সদর দপ্তরও লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে।

সিভিল সার্ভিস হাসপাতালের নির্বাহী পরিচালক মোহন রেগমি বিবিসিকে বলেছেন, মঙ্গলবারের বিক্ষোভে দুইজন মারা গেছেন। তিনি জানান, বর্তমানে ৯০ জন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

নেপালে জেন জি আন্দোলনে নিহত ১৪

নেপালের রাজধানী কাঠমান্ডুর নিউ বনেশ্বর এলাকায় জেনারেশন জেড (Gen Z) তরুণদের বিক্ষোভে পুলিশের গুলিতে সোমবার বিকাল ৪টা পর্যন্ত অন্তত ১৪ জন নিহত হয়েছেন।

ন্যাশনাল ট্রমা সেন্টারের চিকিৎসক ডা. দিপেন্দ্র পাণ্ডে জানিয়েছেন, সেখানে সাতজনকে মৃত অবস্থায় আনা হয়। আরও ১০ জনের অবস্থা আশঙ্কাজনক, যাদের মাথা ও বুকে গুলির আঘাত লেগেছে। এ ছাড়া ২০ জনের বেশি আহত হয়ে চিকিৎসাধীন আছেন।

এভারেস্ট হাসপাতালের কর্মকর্তা অনিল আধিকারী জানিয়েছেন, তাদের হাসপাতালে তিনজন মারা গেছেন। ৫০ জনের বেশি আহত চিকিৎসাধীন রয়েছেন, যাদের মধ্যে চারজনের অবস্থা সংকটাপন্ন।

সিভিল হাসপাতালের নির্বাহী পরিচালক মোহনচন্দ্র রেগমি জানান, তাদের হাসপাতালে দুইজন মারা গেছেন।

এ ছাড়া কেএমসি ও ত্রিভুবন বিশ্ববিদ্যালয় টিচিং হাসপাতাল, মহারাজগঞ্জে একজন করে মারা গেছেন। নিহতদের পরিচয় এখনো প্রকাশ করা হয়নি।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশ জলকামান, টিয়ারগ্যাস ও সরাসরি গুলি চালায়।

সামাজিক যোগাযোগমাধ্যমে বিধিনিষেধ ও সরকারি দুর্নীতির বিরুদ্ধে জেনারেশন জেড তরুণদের নেতৃত্বে বিক্ষোভ এখন শুধু কাঠমান্ডুতেই নয়, দেশের অন্যান্য বড় শহরেও ছড়িয়ে পড়েছে।

সূত্র: যুগান্তর।

গণিতে বিশ্বসেরা হলেন বাংলাদেশের এক প্রতিষ্ঠানের ৫ শিক্ষার্থী

ক্যামব্রিজ পাঠ্যক্রমভিত্তিক ইন্টারন্যাশনাল জেনারেল সার্টিফিকেট অব সেকেন্ডারি এডুকেশন (আইজিসিএসই) পরীক্ষায় এ বছর বিশ্বসেরা হয়েছেন বাংলাদেশের ৫ শিক্ষার্থী। সবাই গণিতে শতভাগ নম্বর অর্জন করেছেন। তারা সবাই এক প্রতিষ্ঠারের শিক্ষার্থী।

শতভাগ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন, ফাইয়াজ সিদ্দিকী, অহনা সাহা, মোহাম্মদ মোহায়মিন উদ্দিন নাইব, বুশরা রুবানা আফরোজ ও সম্বৃত অম্বর। কৃতী এ পাঁচ শিক্ষার্থীর সবাই উত্তরার গ্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুলে অধ্যয়নরত।

ফাইয়াজ ও অহনা যথাক্রমে ৯৬ শতাংশ ও ৯৫ দশমিক ৬ শতাংশ নম্বর পেয়ে ‘স্কুল টপার’ হয়েছেন। পাশাপাশি অহনা সম্মানজনক ‘ক্যামব্রিজ আইসিই অ্যাওয়ার্ড উইথ ডিস্টিংশন’ অর্জন করেছেন। গত ১৯ আগস্ট এ পরীক্ষায় অংশ নেন শিক্ষার্থীরা। সম্প্রতি এ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়।

আইজিসিএসই পরীক্ষায় কৃতিত্ব অর্জন ছাড়াও এ বছর একই ব্যাচের সামগ্রিক ফলাফলও অত্যন্ত প্রশংসনীয়। গ্লেনরিচ উত্তরা থেকে আইজিসিএসই পরীক্ষায় অংশগ্রহণকারী ২০০ জন শিক্ষার্থীর মধ্যে ৪১ জন শিক্ষার্থী ৯০ শতাংশ বা তারও বেশি নম্বর পেয়েছেন। তাদের মধ্যে ৯৯ জন ৮০ শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছেন। স্কুলটির সামগ্রিক গড় ফলাফল ৮০ দশমিক ৩ শতাংশ।

এ বিষয়ে গ্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুল বাংলাদেশের অধ্যক্ষ অম্লান কে সাহা বলেন, ‘এ ফলাফলকে কেবল নম্বরের সংখ্যা দিয়ে বিচার করা যাবে না। এটি আমাদের মানসম্পন্ন শিক্ষাব্যবস্থার সাফল্যের প্রতিফলন। আমরা এ সাফল্য উদযাপনের পাশাপাশি ভবিষ্যতেও একাডেমিক উৎকর্ষ ধরে রাখার ও শিক্ষার্থীদের শেখার সর্বোত্তম পরিবেশ ও উপকরণ নিশ্চিতে প্রয়োজনীয় সব সহযোগিতা দেওয়ার অঙ্গীকার করছি।’

চমক রেখে চ্যাম্পিয়নস লিগের দল ঘোষণা বার্সেলোনার

চ্যাম্পিয়নস লিগ ২০২৫/২৬ মৌসুম শুরু হচ্ছে এ মাসেই। ইউরোপীয় আসরের নিয়ম মেনে ইতোমধ্যে উয়েফায় নিজেদের ২৩ সদস্যের ‘এ লিস্ট’ জমা দিয়েছে বার্সেলোনা।

অর্থ সংকটে লা লিগায় বার্সার নিবন্ধন জটিলতা না কাটলেও চ্যাম্পিয়নস লিগে এর প্রভাব নেই। তাই হানসি ফ্লিক তার স্কোয়াডে

রেখেছেন সাবেক দলনেতা মার্ক-আন্দ্রে টের স্টেগেন ও তরুণ উইঙ্গার রুনি বারদগজিকেও।

পিঠের অস্ত্রোপচারের কারণে অন্তত ২০২৬ সালের শুরু পর্যন্ত মাঠে ফেরার সম্ভাবনা নেই জার্মান এই গোলকিপারের। তার চিকিৎসা সংক্রান্ত নথি লা লিগায় জমা না দেওয়ায় এক পর্যায়ে শাস্তিমূলক পদক্ষেপও নেয় বার্সা। পরে সমঝোতায় পৌঁছালে চার মাসের অনুপস্থিতিকে ব্যবহার করে লা লিগায় জোয়ান গার্সিয়াকে নিবন্ধন করানো হয়।

এদিকে ডেনিশ ফরোয়ার্ড রুনি বারদগজিকে ১ সেপ্টেম্বরের ডেডলাইনের আগে লা লিগায় নিবন্ধন করানো যায়নি।

ক্লাব তাকে ‘বার্সা অ্যাতলেতিক’ খেলোয়াড় হিসেবে চিহ্নিত করেছে। তবে বোর্ড খুব শিগগিরই অর্থ ছাড় করলে বিষয়টি সমাধান হবে বলে আশা করা হচ্ছে।
টের স্টেগেন জানুয়ারির শেষ দিক বা ফেব্রুয়ারি থেকে সম্ভাব্য নকআউট পর্বে দলে ফিরতে পারেন। অন্যদিকে, বার্সার তরুণ খেলোয়াড়দের নিয়ে গঠিত ‘বি লিস্ট’ শিগগিরই প্রকাশ করা হবে।

সেখানেই থাকবেন গিলে ফের্নান্দেজ, টনি ফের্নান্দেজ, ড্রো, জোফ্রে টরেন্টস ও গোলকিপার দিয়েগো কোচেন।
বার্সেলোনার স্কোয়াড (এ লিস্ট)

গোলরক্ষক: মার্ক-আন্দ্রে টের স্টেগেন, জোয়ান গার্সিয়া, ভয়চেখ সেজনি।

ডিফেন্ডার: জুলে কুন্দে, এরিক গার্সিয়া, রোনাল্ড আরাউহো, পাও কুবারসি, জেরার্দ মার্টিন, আলেহান্দ্রো বালদে, আন্দ্রেয়াস ক্রিস্টেনসেন।

মিডফিল্ডার: মার্ক কাসাদো, পেদ্রি, গাভি, ফ্রেংকি ডি ইয়ং, মার্ক বের্নাল, ফার্মিন লোপেজ।

ফরোয়ার্ড: দানি ওলমো, লামিনে ইয়ামাল, রবার্ট লেভানদোস্কি, রাফিনিয়া, মার্কাস রাশফোর্ড, ফেরান তোরেস, রুনি বারদগজি।

আফগানিস্তানে ভূমিকম্পে মৃত্যু বেড়ে ৫০০, চলছে উদ্ধারকাজ

আফগানিস্তানের পূর্বাঞ্চলে সোমবার শক্তিশালী ৬ মাত্রার ভূমিকম্পে অন্তত ৫০০ জন মারা গেছে ও আরো এক হাজারের বেশি মানুষ আহত হয়েছে বলে জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম রেডিও টেলিভিশন আফগানিস্তানের (আরটিএ) বরাত দিয়ে জানিয়েছে রয়্টার্স।

তবে কাবুলের তালেবান নেতৃত্বাধীন স্বাস্থ্য কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্গম এলাকায় পৌঁছানোর কাজ এখনো চলমান থাকায় সরকারি হিসেবে হতাহতের সঠিক সংখ্যা এখনো নিশ্চিত করা সম্ভব হয়নি।

মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থার (ইউএসজিএস) তথ্য অনুযায়ী, ভূমিকম্পটি স্থানীয় সময় রবিবার রাত ১২টার (বাংলাদেশ সময় ভোর সাড়ে ৩টা) দিকে পাকিস্তান সীমান্তের কাছে জালালাবাদ শহর থেকে প্রায় ১৭ মাইল দূরে আঘাত হানে।

আফগান জনস্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র শরাফাত জামান বলেন, ‘ভূমিকম্পটি দূরবর্তী পার্বত্য অঞ্চলে আঘাত হানায় মানবিক ক্ষয়ক্ষতি ও অবকাঠামোর ক্ষতির সঠিক তথ্য পেতে কিছুটা সময় লাগবে।

আমরা উদ্ধার অভিযান শুরু করেছি এবং শত শত মানুষকে ক্ষতিগ্রস্ত এলাকায় সহায়তার জন্য পাঠানো হয়েছে।’
পূর্ব আফগানিস্তানের দুর্গম পার্বত্য এলাকা ভূমিধসপ্রবণ হওয়ায় জরুরি উদ্ধার কার্যক্রম পরিচালনা আরো কঠিন হয়ে পড়েছে। এই ভূমিকম্পটি বিশেষভাবে ভয়াবহ ছিল, কারণ এটি মাত্র ৫ মাইল (৮ কিলোমিটার) গভীরতায় সংঘটিত হয়। ফলে মাঝারি মাত্রার হলেও এর ধ্বংসক্ষমতা ছিল অত্যন্ত বেশি।

এর আগে ২০২২ সালে পূর্ব আফগানিস্তানে ৫.৯ মাত্রার একটি অগভীর ভূমিকম্পে প্রায় ১,০০০ মানুষ নিহত এবং কয়েক হাজার মানুষ আহত হয়েছিল। আফগানিস্তান ভূমিকম্পপ্রবণ এলাকা, কারণ দেশটি ভারত ও ইউরেশীয় প্লেটের মিলনস্থলের ওপর অবস্থিত।

সূত্র: কালের কণ্ঠ

শেষ দুই ম্যাচের দল ঘোষণা আর্জেন্টিনার

২০২৬ বিশ্বকাপ বাছাইপর্বের শেষ দুই ম্যাচের জন্য চূড়ান্ত দল ঘোষণা করেছে আর্জেন্টিনা। ৩১ সদস্যের প্রাথমিক দল থেকে দু’জনকে ছাঁটাই করে স্কোয়াড চূড়ান্ত করেছেন কোচ লিওনেল স্কালোনি।

ভেনেজুয়েলা ও ইকুয়েডরের বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের জন্য ঘোষিত দলে জায়গা হয়নি ডিফেন্ডার ফাকুন্দো মেদিনা ও ফরোয়ার্ড আনহেল কোরেয়ার। তারা দু’জনই প্রাথমিক দলে ছিলেন।

এরই মধ্যে ২০২৬ বিশ্বকাপের টিকেট নিশ্চিত করে ফেলা আর্জেন্টিনা আগামী ৪ সেপ্টেম্বর ঘরের মাঠে ভেনেজুয়েলার মুখোমুখি হবে। এরপর ৯ সেপ্টেম্বর ইকুয়েডরের মাঠে খেলবে বিশ্ব চ্যাম্পিয়নরা।

১৬ ম্যাচে ৩৫ পয়েন্ট নিয়ে দক্ষিণ আমেরিকা অঞ্চলের পয়েন্ট টেবিলের শীর্ষে আছে আর্জেন্টিনা। ২৫ পয়েন্ট নিয়ে দুই নম্বরে থাকা ইকুয়েডরেরও নিশ্চিত হয়েছে বিশ্বকাপের টিকেট। ১৮ পয়েন্ট নিয়ে ১০ দলের মধ্যে সাত নম্বরে আছে ভেনেজুয়েলা।

এই অঞ্চল থেকে শীর্ষ ছয় দল সরাসরি বিশ্বকাপের টিকেট পাবে।

আর্জেন্টিনা দল

গোলরক্ষক: এমিলিয়ানো মার্তিনেস (অ্যাস্টন ভিলা), জেরোনিমো রুলি (অলিম্পিক মার্সেই), ওয়ালতার বেনিতেস (ক্রিস্টাল প্যালেস)

ডিফেন্ডার: নাহুয়েল মোলিনা (আতলেতিকো মাদ্রিদ), ক্রিস্তিয়ান রোমেরো (টটেনহ্যাম হটস্পার), লিওনার্দো বেলার্দি (অলিম্পিক মার্সেই), হুয়ান ফইথ (ভিয়ারেয়াল), নিকোলাস ওতামেন্দি (বেনফিকা), নিকোলাস তাগলিয়াফিকো (লিঁও), গন্সালো মন্তিয়েল (রিভার প্লেট), মার্কোস আকুনা (রিভার প্লেট), হুলিও সোলের (বোর্নমাউথ)

মিডফিল্ডার: লেয়ান্দ্রো পারেদেস (বোকা জুনিয়র্স), রদ্রিগো দে পল (ইন্টার মায়ামি), এসেকিয়েল পালাসিওস (বায়ার লেভারকুজেন), আলান ভারেলা (পোর্তো), আলেক্সিস মাক আলিস্তের (লিভারপুল), জিওভানি লো সেলসো (রেয়াল বেতিস), তিয়াগো আলমাদা (আতলেতিকো মাদ্রিদ), নিকোলাস পাস (কোমো), ভালেন্তিন কার্বোনি (জেনোয়া)

ফরোয়ার্ড: লিওনেল মেসি (ইন্টার মায়ামি), হুলিয়ান আলভারেস (আতলেতিকো মাদ্রিদ), লাউতারো মার্তিনেস (ইন্টার মিলান), নিকোলাস গনসালেস (ইউভেন্তুস), জুলিয়ানো সিমেওনে (আতলেতিকো মাদ্রিদ), ক্লাউদিও এচেভেরি (ম্যানচেস্টার সিটি), ফ্রাঙ্কো মাস্তানতুয়োনো (রেয়াল মাদ্রিদ), হোসে মানুয়েল লোপেস (পালমেইরাস)

সূত্র: যুগান্তর

ইসরায়েলি হামলায় ছয় সাংবাদিকসহ ৮৯ ফিলিস্তিনি নিহত

গাজায় ইসরায়েলি হামলায় ৬ জন সাংবাদিকসহ কমপক্ষে ৮৯ জন ফিলিস্তিনি নাগরিক নিহত হয়েছেন। সোমবার গাজার স্বাস্থ্য কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করেছেন। খবর মিডল ইস্ট মনিটরের।

গতকাল সোমবার গাজার একটি হাসপাতালে ইসরায়েলি বাহিনীর দ্বৈত বোমা হামলায় অন্তত ২০ জন নিহত হয়েছেন, যাদের মধ্যে পাঁচজন সাংবাদিকও রয়েছেন।

এছাড়া ফিলিস্তিনি সাংবাদিক হাসান দুওহানকে খান ইউনুসে ইসরায়েলি বাহিনী গুলি করে হত্যা করেছে। এতে সোমবার একদিনেই নিহত সাংবাদিকের সংখ্যা দাঁড়িয়েছে ৬ জনে।
সোমবার রাত থেকে মঙ্গলবার ভোর পর্যন্ত ইসরায়েলি সেনারা দখলকৃত পশ্চিম তীরের রামাল্লাহ, বেথলেহেম ও জেরুজালেম শহরের আশপাশে

অভিযান চালায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত কয়েকটি ভিডিওতে দেখা গেছে, এসব অভিযানে বেশ কয়েকজন তরুণকে আটক করা হয়েছে।

এদিকে ইসরায়েলি বিমানবাহিনী গাজা উপত্যকার বিভিন্ন এলাকায় বোমা হামলা জোরদার করেছে। প্রত্যক্ষদর্শীদের শেয়ার করা পৃথক প্রতিবেদনে জানা গেছে, উত্তর গাজার বুরেইজ শরণার্থী শিবিরে, মধ্যাঞ্চলের নুসেইরাত এলাকায় এবং দক্ষিণের খান ইউনুসে বসতবাড়ি লক্ষ্য করে বিমান হামলা চালানো হয়েছে।

সূত্র: কালের কন্ঠ

অস্ট্রেলিয়ায় কাউন্সিলর পদে লড়ছেন মেহেরপুরের মাসুম বিল্লাহ

‘আমরা মাসুম ভাইকে নিয়ে গর্বিত যে বাংলাদেশী একজন প্রবাসে এসে অস্ট্রেলিয়ার মধ্যবর্তী একটা শহরে বাংলাদেশী কম হওয়ার পরেও তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।আমরা আনন্দিত এবং তার সফলতা কামনা করছি।’ অস্ট্রেলিয়ায় কাউন্সিলর পদে লড়ছেন মেহেরপুরের মাসুম বিল্লাহ।

অস্ট্রেলিয়ার ঐতিহ্যবাহী শহর নর্দান টেরিটোরির এলিস স্প্রিংস এর স্থানীয় সরকার নির্বাচনে কাউন্সিলর পদপ্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিয়েছেন প্রবাসী বাংলাদেশী সাংবাদিক ও ব্যবসায়ী মাসুম বিল্লাহ। এই নির্বাচনে শহরটিতে বসবাসরত প্রথম কোনো প্রবাসী বাংলাদেশী এবং মুসলিম প্রার্থী যিনি কাউন্সিলর হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

মাসুম বিল্লাহ বাংলাদেশের ঐতিহাসিক জেলা মেহেরপুর শহরের ৪ নম্বর ওয়ার্ড নতুন পাড়ার বাসিন্দা। তার বাবা একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী। চার বোন ও তিন ভাইয়ের মধ্যে তিনি চতুর্থ।

সাংবাদিক ও ব্যবসায়ী মাসুম বিল্লাহ অস্ট্রেলিয়ার প্রবাসী বাংলাদেশী এবং মুসলিম কমিউনিটির কাছে খুব পরিচিত একটি মুখ। তিনি টাউন কাউন্সিল নির্বাচনে সিটি কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করায় স্থানীয় বাংলাদেশী এবং মুসলিম কমিউনিটি বেশ উচ্ছ্বসিত।

এলিস স্প্রিংস মুসলিম কমিউনিটির সভাপতি সাইদ মালিক বলেন, ‘আমাদের মুসলিম কমিউনিটি থেকে প্রথম প্রার্থী হিসেবে মাসুম বিল্লাহ কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন এজন্য আমরা আনন্দিত এবং আমরা সর্বাত্মক সহযোগিতা করছি তাকে নির্বাচনে বিজয়ী করার জন্য।’

প্রবাসী বাংলাদেশী ইঞ্জিনিয়ার সাইফুল ইসলাম বলেন, ‘আমরা মাসুম ভাইকে নিয়ে গর্বিত যে বাংলাদেশী একজন প্রবাসে এসে অস্ট্রেলিয়ার মধ্যবর্তী একটা শহরে বাংলাদেশী কম হওয়ার পরেও তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। আমরা আনন্দিত এবং তার সফলতা কামনা করছি।’

জাহিদ মালেক বলেন, ‘সবসময় আমরা ভোট দেই অন্যদেরকে, কিন্তু এবার প্রথম আমাদের নিজস্ব প্রার্থী হওয়াতে আমরা নিজেদের প্রার্থীকে ভোট দিচ্ছি এবং অন্যদের কাছে ভোট চাচ্ছি ও ভোটের প্রচারণা চালাচ্ছি। আমরা আশা করছি আমাদের সফলতা আসবে।’

কাউন্সিলর প্রার্থী মাসুম বিল্লাহ বলেন, ‘আমি যদি নির্বাচিত হই তাহলে স্থানীয় ও প্রবাসীদের বিভিন্ন সমস্যা সমাধানে কাজ করবো। প্রবাসী ও স্থানীয় বাসিন্দাদের মিলেমিশে থাকার পরিবেশ তৈরি করার চেষ্টা করবো এবং বাংলাদেশের সাথে আমাদের অস্ট্রেলিয়ার এই শহরের একটা সিস্টার কনসার্ন কানেকশন করার চেষ্টা করবো।’

মাসুম জানান, তার প্রধান অগ্রাধিকার থাকবে নিরাপত্তা ব্যবস্থা উন্নত করা, জলবায়ু চ্যালেঞ্জ মোকাবেলা করা এবং এলিস স্প্রিংস শহরের সমৃদ্ধ ঐতিহ্য রক্ষা করে বাসযোগ্য শহর হিসেবে গড়ে তোলা।

উল্লেখ্য, গত ১১ আগস্ট থেকে শুরু হয়েছে এলিস স্প্রিংস এর স্থানীয় সরকার নির্বাচন, নির্বাচনের ভোট গ্রহণ শেষ হবে ২৩ আগস্ট। শহরটিতে মোট ভোটার সংখ্যা ১৮ হাজার। এবার সাতজন প্রার্থী মেয়র পদে এবং ২৫ জন প্রার্থী কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে একজন মেয়র পদে এবং আটজন কাউন্সিলর পদে নির্বাচিত হবেন।

[redacted]

[redacted]

বেঙ্গালুরুর আইপিএল শিরোপা উদযাপন ঘিরে পদদলিত হয়ে ১১ জনের মৃত্যু হয়। ওই ঘটনার পর থেকেই স্টেডিয়ামের নিরাপত্তা নিয়ে প্রশ্ন ওঠে। অগ্নি-নিরাপত্তা বিধিমালা না মানায় সম্প্রতি স্টেডিয়ামের বিদ্যুৎ সংযোগও বিচ্ছিন্ন করেছে কর্তৃপক্ষ।

সূত্র: কালের কন্ঠ

পাকিস্তানে ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৭০৬

পাকিস্তানে ব্যাপক বৃষ্টিপাতের কারণে সৃষ্ট ভয়াবহ বন্যায় ও দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭০৬ জনে। সেনাবাহিনী সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ কার্যক্রম জোরদার করেছে।

বুধবার (২০ আগস্ট) দেশটির সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে পিটিআই।

প্রতিবেদন অনুযায়ী, সর্বশেষ আপডেটে পাকিস্তানের জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (এনডিএমএ) জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় অন্তত আরও ২৪ জনের মৃত্যু হয়েছে। এর ফলে ২৬ জুন থেকে এ পর্যন্ত মোট মৃতের সংখ্যা ৭০৬ জনে এসে ঠেকেছে। এছাড়া বিভিন্ন দুর্ঘটনায় আহতের সংখ্যা বেড়ে ৯৬৫ জন হয়েছে।

সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে খাইবার-পাখতুনখাওয়া (কেপি) প্রদেশ, যেখানে এখন পর্যন্ত ৪২৭ জনের প্রাণহানি ঘটেছে।

এরপরই রয়েছে পাঞ্জাব (১৬৪ জন), সিন্ধ (২৯ জন), বেলুচিস্তান (২২ জন), পাকিস্তান অধিকৃত কাশ্মীর (৫৬ জন) এবং ইসলামাবাদ অঞ্চল (৮ জন)।

সাম্প্রতিক সময়ে হতাহতের ঘটনা ঘটেছে সোয়াবি, নওশেরা, মারদান ও পেশোয়ার জেলায়, যেখানে টানা ভারী বর্ষণ ও আকস্মিক বন্যায় ব্যাপক ধ্বংসযজ্ঞ হয়েছে।

সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকা হচ্ছে বুনের জেলা, যেখানে এখন পর্যন্ত ২২২ জনের মৃত্যু নিশ্চিত হয়েছে এবং বহু মানুষ এখনো নিখোঁজ রয়েছেন।

শুক্রবার (১৫ আগস্ট) রাতে বুনের জেলার বেসোনাই গ্রাম আংশিকভাবে ধ্বংস হয়ে যায় এবং উদ্ধারকর্মীরা এখনো জীবিতদের খুঁজে বের করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। অন্য যেসব জেলা গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তার মধ্যে রয়েছে বাজউর, সোয়াত, বাত্তাগ্রাম, মানসেহরা, শাংলা, দির আপার, দির লোয়ার ও তোরঘর।

বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার সকাল পর্যন্ত টানা প্রবল বর্ষণের পর সৃষ্ট বন্যার সাথে যুক্ত হয় মেঘফাটল, যা ধ্বংসযজ্ঞ আরও তীব্র করে তোলে। সোমবার আবারও ওই অঞ্চলে নতুন করে ভারি বৃষ্টি হয়।

কেপি কর্তৃপক্ষ জানিয়েছে, প্রায় ৭৮০টি বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে, যার মধ্যে ৩৪৯টি সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে।

তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার জানিয়েছেন, ইতোমধ্যেই ২৫ হাজারের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে এবং এক হাজারেরও বেশি মানুষকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কর্মকর্তারা সতর্ক করে জানিয়েছেন, আগামী ২১ আগস্ট পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, তাই স্থানীয়দের প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের আহ্বান জানানো হয়েছে।